



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
Website: www.bb.org.bd

পরিসংখ্যান বিভাগ  
(এজেন্ট ব্যাংকিং স্ট্যাটিসটিক্স ডিভিশন)

এসডি সার্কুলার নং-০১

তারিখঃ ১৭ বৈশাখ, ১৪৩৩  
৩০ এপ্রিল, ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত এজেন্ট ব্যাংকিং কার্যক্রমে সম্পৃক্ত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**এজেন্ট ব্যাংকিং সংক্রান্ত তথ্য/উপাত্ত মাসিক ভিত্তিতে Revised Format অনুযায়ী দাখিল প্রসঙ্গে।**

এজেন্ট ব্যাংকিং সংক্রান্ত তথ্য/উপাত্ত মাসিক ভিত্তিতে দাখিল করার বিষয়ে অত্র বিভাগের সূত্র নং-স্ট্যাটিসটিক্স.এবিএস-১(১)/২০২৫-২৫২ তারিখঃ ৪ ফেব্রুয়ারি, ২০২৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত সূত্রানুসারে, এজেন্ট ব্যাংকিং কার্যক্রমে সম্পৃক্ত তফসিলি ব্যাংকসমূহ তাদের এজেন্ট ও আউটলেটের Geolocation ও Transaction সংক্রান্ত তথ্য/উপাত্ত নির্ধারিত ফরমেট অনুযায়ী অত্র বিভাগে নিয়মিতভাবে দাখিল করে আসছে। এক্ষেত্রে, সময়োপযোগী নীতিমালা প্রণয়ন ও স্টেকহোল্ডারদের চাহিদার প্রেক্ষিতে এজেন্ট ব্যাংকিং এর বিস্তারিত তথ্য/উপাত্ত সংগ্রহের লক্ষ্যে এজেন্ট, আউটলেট এবং A/C Holder-দের Gender, বহিঃ আউটলেট Transaction ও Profitability Status of Agent সহ আরও কিছু চলক অন্তর্ভুক্ত করে Existing Format গুলোর সমন্বয়ে একটি Revised Format প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)। Revised Format অনুযায়ী এজেন্ট ব্যাংকিং সংক্রান্ত তথ্য/উপাত্ত নিম্নবর্ণিত নির্দেশনা মোতাবেক এজেন্ট ব্যাংকিং স্ট্যাটিসটিক্স ডিভিশন, পরিসংখ্যান বিভাগে দাখিল করার জন্য পরামর্শ প্রদান করা হলো :

ক) সংযুক্ত Revised Format অনুযায়ী জুন, ২০২৬ হতে প্রতি মাসের তথ্য/উপাত্ত পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে নিয়মিতভাবে এজেন্ট ব্যাংকিং স্ট্যাটিসটিক্স ডিভিশন, পরিসংখ্যান বিভাগে ইমেইলের (agentbanking.statbb@gmail.com) মাধ্যমে দাখিল করতে হবে। এছাড়াও, দাখিলকৃত তথ্য/উপাত্তের সারসংক্ষেপ এর হার্ডকপি (Annexure-1) মোতাবেক পরিচালক, এজেন্ট ব্যাংকিং স্ট্যাটিসটিক্স ডিভিশন, পরিসংখ্যান বিভাগ বরাবর দাখিল করতে হবে;

খ) সংযুক্ত Revised Format এর পাশাপাশি Existing Format এর মাধ্যমে আগস্ট, ২০২৬ পর্যন্ত এজেন্ট ব্যাংকিং সংক্রান্ত তথ্য/উপাত্ত সূত্র নং-স্ট্যাটিসটিক্স.এবিএস-১(১)/২০২৫-২৫২ তারিখঃ ৪ ফেব্রুয়ারি, ২০২৫ এর নির্দেশনার আলোকে দাখিল করতে হবে। উল্লেখ্য, সেপ্টেম্বর, ২০২৬ হতে উক্ত সূত্রের আলোকে প্রেরিত নির্দেশনা বাতিল বলে গণ্য হবে;

গ) Revised Format-এ সংযুক্ত Geolocation এর Mapping/Status-এ কোনরূপ পরিবর্তন আনা হলে তা যথাসময়ে ইমেইলের মাধ্যমে অবহিত করা হবে;

ঘ) নির্ধারিত সময়সীমার মধ্যে নির্ভুল তথ্য/উপাত্ত রিপোর্টিং এর বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সর্বদা সতর্ক থাকবেন। রিপোর্টিং এর বিষয়ে কোনরূপ অস্পষ্টতা পরিলক্ষিত হলে প্রয়োজনে অত্র ডিভিশনের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে সরাসরি যোগাযোগ করবেন।

৩। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

আপনার বিশ্বস্ত,

(মোঃ আনিচুর রহমান)  
পরিচালক (পরিসংখ্যান)  
ফোনঃ ৯৫৩০৫৩৫